

SAR!  
স্বাক্ষরিত  
২২.০৮.২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সওজ  
সড়ক বিভাগ, বরিশাল।  
ফোনঃ ০৪৩১-৬৪১৮৫, ফ্যাক্সঃ ০৪৩১-৬১৮৪৪  
e-mail: eebar@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০৬৫১.৪০৩.১৪.০৩০.২০-৩৪২৬

তারিখঃ- ২২/০৮/২০২২ খ্রিঃ।


বিষয়ঃ- বরিশাল সড়ক বিভাগাধীন ঢাকা (যাত্রাবাড়ি)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) জাতীয় মহাসড়কের ১৬৬তম কি.মি.এ সাগরদী, চান্দু মার্কেট সংলগ্ন সওজ এর বাসা/ওয়ার্কশেড এর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণসহ বৈদ্যুতিক মিটার অপসারণ করা প্রসঙ্গে।

সূত্রঃ- উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল এর স্মারক নং-৩৫.০১.০৬৫১.৭১১.৩১.০২১.২০-১৪২০ তাং-০৪/০৮/২০২২ খ্রিঃ।

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র সড়ক বিভাগাধীন ঢাকা (যাত্রাবাড়ি)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) জাতীয় মহাসড়কের ১৬৬তম কি.মি.এ সাগরদী, চান্দু মার্কেট সংলগ্ন এলাকায় সড়কের পার্শ্বে সওজ এর ৬ (ছয়) টি বাসা/ওয়ার্ক শেড আছে। বর্ণিত মহাসড়কটি সম্প্রসারণসহ উন্নয়নের উদ্যোগ গ্রহণের পরিপ্রেক্ষিতে উক্ত বাসা/ওয়ার্ক শেডসমূহ ভেঙ্গে অপসারণ করার নিমিত্তে খালি করা হয়েছে এবং বর্তমানে পরিত্যক্ত অবস্থায় আছে, যাতে কেউ বসবাস করে না। তাই উক্ত বাসা/ওয়ার্ক শেডসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণসহ তার দপ্তরের ৬ (ছয়) টি সিংগেল বৈদ্যুতিক মিটার যার নম্বর ১৯০৬৪৮, ১৮২৭৪২, ৯৬৩৬৫৮, ২৯২৭৮৯, ২৫৯৭০১ ও ২৩৫৬৮৯ অপসারণ করা প্রয়োজন। এ প্রসঙ্গে উক্ত বৈদ্যুতিক মিটারসমূহের বিদ্যুৎ বিলের কপি সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, সরকারি কাজের স্বার্থে জরুরী ভিত্তিতে বর্ণিত ৬ (ছয়) টি বাসা/ওয়ার্ক শেডসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণসহ তার দপ্তরের ৬ (ছয়) টি সিংগেল বৈদ্যুতিক মিটার অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিতঃ- চন্দ্রমামুতে।

  
(মাসুদ মাহমুদ সুমন)  
পরিচিতি নং-৬০২১৬৫  
নির্বাহী প্রকৌশলী, সওজ  
সড়ক বিভাগ, বরিশাল।

নির্বাহী প্রকৌশলী  
বিক্রয় ও বিতরণ বিভাগ-১  
ওজোপাডিকো লিঃ  
চাঁদমারী, বরিশাল।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।
- ০৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল। ইহা সূত্রোক্ত তার স্মারক মোতাবেক।